

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
আইসিটি সেল



...

সভাপতি	মোহাম্মদ আবুল কালাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৪-০৮-২০২০ খ্রিঃ
সভার সময়	বেলা ০৩:০০ ঘটিকা।
স্থান	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮)।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি ২০২০-২১ অর্থ বছরে ইনোভেশন টিমের প্রথম সভায় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি স্বাগত বক্তব্যে জানান, গত ১৬/০৭/২০২০ খ্রিঃ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রেরণ করা হয়েছে। গত বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের মূল্যায়ন প্রতিবেদন ও প্রমাণকসমূহ মন্ত্রিপরিষদ বিভাগ নিবিড়ভাবে পর্যালোচনা করে থাকে। ২০২০-২০২১ অর্থ বছরে মন্ত্রণালয়ের উদ্ভাবনী কার্যক্রমসমূহ বাস্তবায়নে আরো সচেতন ও আন্তরিক হওয়া প্রয়োজন এবং কার্যক্রম গ্রহণের সাথে সাথে উপযুক্ত প্রমাণক সংরক্ষণ করা প্রয়োজন।

২। অতঃপর ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন এবং উদ্ভাবন ও সেবা সহজীকরণ কর্মশালা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
ক)	৪.১ উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একটি একদিনের কর্মশালা/সেমিনার।	উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একটি একদিনের কর্মশালা/সেমিনার ২৭-০৮-২০২০ খ্রিঃ তারিখে আয়োজন করা যেতে পারে।	উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একটি একদিনের কর্মশালা/সেমিনার ২৭-০৮-২০২০ খ্রিঃ তারিখে আয়োজন করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম/ প্রশাসন-১ অধিশাখা

খ)	১১.১ ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.২.১ সূচকে এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১-এর ১১.১.১ নং সূচকে “একটি নতুন ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন”-এর লক্ষ্যমাত্রা রয়েছে। উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য অনলাইনে বাসা বরাদ্দের নিমিত্ত "Digital Accommodation Application and Management System" বাস্তবায়ন করা যেতে পারে।	বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য অনলাইনে বাসা বরাদ্দের নিমিত্ত "Digital Accommodation Application and Management System" বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম/ প্রশাসন-২ শাখা
গ)	উদ্ভাবন বিষয়ক অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা প্রণয়ন।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ের পূর্বে সম্পূর্ণ করার লক্ষ্যে অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।	বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে সম্পূর্ণ করার লক্ষ্যে যথাযথ অভ্যন্তরীণ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।	মন্ত্রণালয়ের ইনোভেশন টিম।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



মোহাম্মদ আবুল কালাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ২৪.০০.০০০০.১২৩.৯৯.০১১.১৯-৮৯


তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭

৩১ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্ম সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপসচিব (বস্ত্র-৩), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) উপ প্রধান, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী সচিব (পাট-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



মোঃ আমিনুল ইসলাম

প্রোগ্রামার